



গুম ও মানবাধিকার নিয়ে শক্তিশালী আইন হচ্ছে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

গুম প্রতিরোধ এবং মানবাধিকার সুরক্ষায় সরকার একটি শক্তিশালী আইন কাঠামো তৈরি করছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ।

রোববার (৩০ আগস্ট) চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, গুম ও মানবাধিকার বিষয়ে নতুন একটি আইন প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রস্তাবিত আইনে গুমের ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর জন্য ক্ষতিপূরণের ব্যবস্থাও রাখা হয়েছে। এ ক্ষতিপূরণের দায় পরিস্থিতি অনুযায়ী অভিযুক্ত ব্যক্তি অথবা রাষ্ট্রের ওপর বর্তাবে বলে জানান তিনি।

জুলাইয়ের গণআন্দোলনে জনগণের প্রত্যাশার কথা উল্লেখ করে সালাউদ্দিন আহমেদ বলেন, জনগণের আকাঙ্ক্ষা অনুযায়ী রাষ্ট্রের বিভিন্ন কাঠামোতে প্রয়োজনীয় সংস্কার আনা হবে।

সংবিধানসহ গুরুত্বপূর্ণ বিষয়গুলো নতুনভাবে সাজানোর উদ্যোগ নেওয়া হয়েছে। একই সঙ্গে গুমের শিকার সব ব্যক্তির ঘটনায় বিচার নিশ্চিত করার কথাও জানান তিনি।

শেখ হাসিনার প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, তাঁর বিরুদ্ধে রাজনৈতিক পর্যায়ে বিচারিক প্রক্রিয়া এগিয়ে নেওয়া হবে। অতীতে গুমের মাধ্যমে মানুষকে হত্যা করে মরদেহ গোপন করার মতো ঘটনা ঘটেছে বলেও অভিযোগ করেন তিনি। এসব ঘটনার পরও সংশ্লিষ্টদের পক্ষ থেকে অনুশোচনা বা দুঃখ প্রকাশ না করায় ক্ষোভ প্রকাশ করেন সালাউদ্দিন আহমেদ।

এ সময় আওয়ামী লীগের বর্তমান রাজনৈতিক অবস্থান নিয়েও মন্তব্য করেন তিনি। তাঁর ভাষ্য, দলটির রাজনৈতিক অধ্যায় কার্যত শেষ হয়ে গেছে।

বিরোধী দলের সংসদ বর্জন বা ওয়াকআউট প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ওয়াকআউট প্রতিবাদের একটি স্বীকৃত পদ্ধতি হলেও এর নির্দিষ্ট নিয়ম রয়েছে। সংসদীয় কার্যক্রমে অংশ না নিলে জনগণের সামনে নিজেদের বক্তব্য তুলে ধরার সুযোগ কমে যায়। তাই বিরোধী দলকে সংসদের কার্যক্রমে অংশ নিয়ে নিজেদের মতামত তুলে ধরার আহ্বান জানান তিনি।